# বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার নীতিমালা

বাংলা একাডেমি, ঢাকা

# বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার নীতিমালা

## প্রথম অধ্যায়

**ক. উদ্দেশ্য**

বাংলা ভাষা ও সাহিত্যের সমসাময়িক জীবিত লেখকদের মৌলিক এবং সামগ্রিক অবদান চিহ্নিত করে তাঁদের সৃজনী প্রতিভার স্বীকৃতি প্রদানের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে অনুকূল পরিবেশ সৃষ্টি করাই বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রদানের উদ্দেশ্য।

**খ. পুরস্কারের বিবরণ**

১. পুরস্কারের নাম 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার'।

২. বাংলা ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে মৌলিক এবং সামগ্রিক অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হবে।

৩. সাহিত্যের ১১টি শাখায় এ পুরস্কার প্রদান করা হবে। প্রতিটি শাখায় প্রতিবছর সাধারণত ১জন করে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রদান করা হবে। যদি কোনো শাখায় যোগ্য লেখক না পাওয়া যায় তবে সে বছর সেই শাখায় কোনো পুরস্কার প্রদান করা হবে না।

শাখাগুলো নিম্নরূপ-

ক. কবিতা
খ. কথাসাহিত্য
গ. প্রবন্ধ/গবেষণা
ঘ. অনুবাদ
ঙ. নাটক
চ. শিশুসাহিত্য
ছ. মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা
জ. বঙ্গবন্ধুবিষয়ক গবেষণা

ঝ. বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান
ঞ. আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনি
ট. ফোকলোর

৪. প্রতিটি শাখায় সাহিত্য পুরস্কারের মূল্যমান ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা। পুরস্কারপ্রাপ্ত সাহিত্যিকদের পুরস্কারের চেক, সম্মাননাপত্র ও সম্মাননা-প্রতীক প্রদান করা হবে।
৫. সম্মাননাপত্রে বাংলা একাডেমির পক্ষে সভাপতি এবং মহাপরিচালকের স্বাক্ষর থাকবে।
৬. কোনো সাহিত্যিককে মরণোত্তর পুরস্কার প্রদান করা যাবে না।
৭. প্রতি বছর এ পুরস্কার প্রদান করা হবে।

## দ্বিতীয় অধ্যায়

### যোগ্যতা

১. শুধু বাংলাদেশের নাগরিক এই পুরস্কারের যোগ্য বলে বিবেচিত হবেন।
২. বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা, সার্বভৌমত্ব, প্রচলিত আইন ও শুদ্ধাচার পরিপন্থি কোনো সাহিত্যিক এই পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।
৩. এই পুরস্কার কেবল ব্যক্তিকে দেওয়া হবে। কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা দলকে প্রদান করা যাবে না।
৪. পুরস্কার প্রাপ্তির জন্য কোনো ব্যক্তিগত আবেদনপত্র গ্রাহ্য করা হবে না।
৫. কোনো সাহিত্যিককে কেবল একবারই এই পুরস্কার প্রদান করা হবে।
৬. বাংলা একাডেমির সভাপতি, নির্বাহী পরিষদের সভাপতি ও সদস্যবৃন্দ এবং সাহিত্য পুরস্কার কমিটির কোনো সদস্য এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

## তৃতীয় অধ্যায়

১. বাংলা একাডেমির নির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে একাডেমির ফেলোদের থেকে ৩০ (ত্রিশ) জন প্রস্তাবক নির্বাচন করা হবে।
২. প্রস্তাবকগণ মনোনয়ন সংক্রান্ত যাবতীয় তথ্য সম্পূর্ণ গোপন রাখবেন।
৩. নির্বাহী পরিষদের কোনো সদস্য প্রস্তাবক হতে পারবেন না।
৪. কোনো প্রস্তাবক 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি'র সদস্য হতে পারবেন না।

## চতুর্থ অধ্যায়

১. বাংলা একাডেমি প্রতি বছর ১লা জানুয়ারির মধ্যে প্রস্তাবকের কাছে নিম্নোক্ত কাগজপত্র সরবরাহ করবে–

ক. প্রস্তাবের ছক
খ. বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারপ্রাপ্ত জীবিত লেখকদের তালিকা
গ. বাংলা একাডেমি নির্বাহী পরিষদের সভাপতি ও সদস্যবৃন্দের নাম।

২. প্রস্তাবকগণ প্রস্তাবের ছক যথারীতি পূরণ করে তা একাডেমি কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট খামে মহাপরিচালক বরাবর ১৫ই জানুয়ারির মধ্যে প্রেরণ করবেন।
৩. প্রস্তাবকগণকে কোনো সম্মানি প্রদান করা হবে না।
৪. বাংলা একাডেমির নির্বাহী পরিষদ প্রতিবছর ২০শে জানুয়ারির মধ্যে এই পুরস্কারের জন্য দেশবরেণ্য সাহিত্যিক, শিক্ষাবিদ, লেখক, গবেষক, বাংলা একাডেমির মহাপরিচালক এবং বাংলা একাডেমির দুজন নির্বাহী পরিষদ সদস্য সমন্বয়ে ৭(সাত) সদস্য বিশিষ্ট 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি' গঠন করবে। বাংলা একাডেমির মহাপরিচালক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। গঠিত কমিটির সদস্যদের নাম গোপনীয়ভাবে বাংলা একাডেমির মহাপরিচালকের কাছে সংরক্ষিত থাকবে।
৫. বাংলা একাডেমি নির্বাহী পরিষদের সভাপতি ২৩শে জানুয়ারির মধ্যে 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি'র সভা আহ্বান করবেন।
৬. 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি' প্রাপ্ত তথ্যসমূহ বিবেচনা করে ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে পুরস্কার প্রদানের জন্য তাঁদের সুপারিশকৃত নামের তালিকা বাংলা একাডেমি নির্বাহী পরিষদের সভাপতির কাছে প্রেরণ করবেন।

৭. ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে পুরস্কার প্রদানের বিষয়টি চূড়ান্ত না হলে কমিটির প্রত্যেক সদস্যের একটি করে ভোট থাকবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক একটি ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

৮. 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি'র সুপারিশকৃত লেখকদের নামের তালিকা অনুমোদনের জন্য একাডেমি ২৫শে জানুয়ারির মধ্যে বাংলা একাডেমি নির্বাহী পরিষদের সভা আহ্বান করবে।

৯. 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি'র সুপারিশ নির্বাহী পরিষদ ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গ্রহণ করতে পারবেন। তবে নির্বাহী পরিষদ নতুন কাউকে পুরস্কারের জন্য বিবেচনা করতে পারবেন না।

১০. 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার কমিটি'র সুপারিশকৃত কোনো লেখকের নাম যৌক্তিক কারণে বিবেচনা না করার ক্ষমতা 'বাংলা একাডেমি নির্বাহী পরিষদ' সংরক্ষণ করেন।

১১. 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার'-এর কোনো শাখায় যৌথ পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলে (এক শাখায় একের অধিক) পুরস্কারের অর্থমূল্য প্রত্যেকের মধ্যে সমহারে বণ্টিত হবে।

## পঞ্চম অধ্যায়

১. বাংলা একাডেমির মহাপরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি পুরস্কারপ্রাপ্ত লেখকের নাম ঘোষণা করবেন।

২. প্রতিবছর ১লা ফেব্রুয়ারি অমর একুশে বইমেলার প্রধান অতিথি পুরস্কারপ্রাপ্ত সাহিত্যিকদের পুরস্কারের অর্থমূল্যের চেক, সম্মাননাপত্র ও সম্মাননা-প্রতীক প্রদান করবেন।

## ষষ্ঠ অধ্যায়

**পুরস্কার প্রদান**

১. পুরস্কার ঘোষণার পর পুরস্কারের জন্য মনোনীত সাহিত্যিক প্রয়াত হলে তাঁর আইনানুগ উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ পুরস্কারের অর্থ গ্রহণ করতে পারবেন। আইনানুগ উত্তরাধিকারীর সংখ্যা একাধিক হলে পুরস্কারের অর্থ প্রচলিত আইন অনুযায়ী তাঁদের মধ্যে বণ্টন করে দেওয়া হবে।

২. পুরস্কারপ্রাপ্ত সাহিত্যিকদের বাংলা একাডেমির ফেলোশিপ প্রদান করা হবে।

## সপ্তম অধ্যায়

১. এ নীতিমালা দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সম্পূর্ণ বা আংশিক সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার নির্বাহী পরিষদের থাকবে।

১.১ নিম্নলিখিত ব্যক্তিগণ এ নীতিমালার প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাব উপস্থাপন করতে পারবেন–

ক. মহাপরিচালক

খ. বাংলা একাডেমি নির্বাহী পরিষদের সদস্য/সদস্যবৃন্দ

১.২ এ নীতিমালা সম্পর্কে উত্থাপিত যেকোনো সংশোধনী প্রস্তাব লিখিত আকারে প্রস্তাবকের স্বাক্ষর যুক্ত হয়ে নির্বাহী পরিষদে উপস্থাপন করতে হবে।

২. এই নীতিমালায় অনুল্লেখিত কোনো বিষয়ে নির্বাহী পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩. এই নীতিমালা বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২১ প্রদান থেকে প্রযোজ্য বলে বিবেচিত হবে।

নমুনা

# বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার
## প্রস্তাবের ছক

| প্রস্তাবিত নাম | তাঁর উল্লেখযোগ্য গ্রন্থাবলি/গবেষণাকর্ম | ১. কবিতা ২. কথাসাহিত্য ৩. প্রবন্ধ/গবেষণা ৪. অনুবাদ ৫. নাটক ৬. শিশুসাহিত্য ৭. মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা ৮. বঙ্গবন্ধুবিষয়ক গবেষণা ৯. বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান ১০. আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনি ১১. ফোকলোর।<br>বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারের জন্য তাঁর নাম প্রস্তাবের কারণ সংক্ষেপে আলোকপাত করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে। |
|---|---|---|
| | | |

বিশেষ দ্রষ্টব্য : একটি প্রস্তাবের ছকে একজনের নাম প্রস্তাব করা যাবে।

প্রস্তাবকের স্বাক্ষর
(ঠিকানাসহ পূর্ণ নাম)

সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগের পরিচালক (চলতি দায়িত্ব) নূরুন্নাহার খানম কর্তৃক প্রকাশিত এবং বাংলা একাডেমি প্রেস ব্যবস্থাপক (চলতি দায়িত্ব) মোঃ মনিরুজ্জামান কর্তৃক মুদ্রিত।

প্রকাশকাল : ডিসেম্বর ২০২১